

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৪৭৮

80/ কিয়ামত (ﷺ আله عن رسول الله هيامة والرقائق والورع عن رسول الله পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

بَابٌ

আরবী

حَدَّثَنَا هَنَّادُ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ، عَنْ وَهْبِ بْنِ كَيْسَانَ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ بَعَثَنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَنَحْنُ ثَلاَثُمِائَةٍ نَحْمِلُ زَادَنَا عَلَى رِقَابِنَا فَقْنِي زَادُنَا حَتَّى إِنْ كَانَ يَكُونُ لِلرَّجُلِ مِنَّا كُلَّ يَوْمٍ تَمْرَةٌ . فَقِيلَ لَهُ يَا أَبَا عَبْدِ اللَّهِ وَأَيْنَ كَانَتْ تَقَعُ التَّمْرَةُ مِنَ الرَّجُلِ فَقَالَ لَقَدْ وَجَدْنَا فَقْدَهَا حِينَ فَقَدْنَاهَا وَأَتَيْنَا الْبَحْرَ فَإِذَا نَحْنُ كَانَتْ تَقَعُ التَّمْرَةُ مِنَ الرَّجُلِ فَقَالَ لَقَدْ وَجَدْنَا فَقْدَهَا حِينَ فَقَدْنَاهَا وَأَتَيْنَا الْبَحْرُ فَإِذَا نَحْنُ بَعْ مِنْ هَذَا بَحْنَ عَشَرَ يَوْمًا مَا أَحْبَبْنَا . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثُ صَحِيحٌ وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ . وَرَوَاهُ مَالِكُ بْنُ أَنَسٍ عَنْ وَهْب بْن كَيْسَانَ أَتَمَّ مِنْ هَذَا وَأَطْوَلَ .

বাংলা

২৪৭৮. হারাদ (রহঃ) জাবির ইবন আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে এক অভিযানে প্রেরণ করেন। আমরা ছিলাম তিনশত জন। আমাদের পাথেয় আমাদের কাঁধেই ছিল। এক পর্যায়ে আমাদের পাথেয় শেষ হয়ে যায়। এমনকি সারাদিনে আমাদের এক এক জনের জন্য এক একটা করে খেজুর বরাদ্দ হয়। তাঁকে তখন জিজ্ঞাসা করা হল, হে আবূ আবদুল্লাহ! একজনের জন্য একটি করে খেজুর কেমন করে যথেষ্ট হত? তিনি বললেনঃ এ-ও যখন শেষ হয়ে যায় তখন একটি খেজুর না পাওয়ার কি ক্ষতি তা আমরা টের পেয়েছিলাম। সেখানে আমরা হঠাৎ একটা মাছ পেলাম। সাগর তা নিক্ষেপ করছিল। আমরা ইচ্ছা মতো আঠারো দিন পর্যন্ত তা আহার করলাম।

সহীহ, ইবনু মাজাহ ৪১৫৯, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৪৭৫ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি সহীহ। অন্য সূত্রে জাবির ইবন আবদুল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকে এটি বর্ণিত আছে। মালিক ইবন আনাস (রহঃ) এটিকে ওয়াহব ইবন কায়সাস (রহঃ) সূত্রে আরো পূর্ণাঙ্গ ও দীর্ঘরূপে বর্ণনা করেছেন।



English

Jabir bin 'Abdullah narrated:

"The Messenger of Allah (s.a.w) dispatched us, and there were three-hundred of us. We were carrying our provisions on our shoulders. Then our provisions ran out such that each man among us could eat only a date per day." It was said to him: "O Abu 'Abdullah! How could one date be enough for a man?'" He said: "We realized its value when we did not even have that. Then we came to the sea where we saw a whale that the sea had tossed (on the shore). So we ate as much as we liked from it for eighteen days."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন